

যুগান্তর

১০ জুলাই ২০১৮

ব্র্যাক বিশ্ববিদ্যালয়ে সেন্টার ফর ইনক্লুসিভ অ্যান্ড

আরবানিজমের উদ্বোধন

যুগান্তর ডেস্ক

ব্র্যাক বিশ্ববিদ্যালয়ে নগরায়ন ও স্থাপত্যবিষয়ক গবেষণা পরামর্শ প্রতিষ্ঠান ‘সেন্টার ফর ইনক্লুসিভ অ্যান্ড আরবানিজম’ এর উদ্বোধন করা হয়েছে। বিশ্ববিদ্যালয়ের আর্কিটেকচার বিভাগে এ সেন্টারের কার্যক্রম চলবে। রাজধানীর মহাখালীতে অবস্থিত ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের আর্কিটেকচার বিভাগে ৭ জুলাই, এই সেন্টারের উদ্বোধন করেন ভিসি ড. সৈয়দ সাদ আন্দালিব। স্থাপত্য সংস্কৃতি ও নগরায়নের সমন্বয়ে পরিবেশ সচেতন ও মানবীয় শহর গড়ে তোলাই এ কেন্দ্রের প্রধান লক্ষ্য। সরকারি ও ব্যক্তিগত সেক্টরে নতুন জ্ঞান তৈরি, উদ্ভাবনী নকশা ও নীতিমালা প্রণয়ন করতে সাহায্য করবে এ সেন্টার। আর্কিটেকচার বিভাগের সভাপতি ড. আদনান মোর্শেদের নেতৃত্বে ২০১৭ সালে এ সেন্টারের কার্যক্রম শুরু হয়। সংবাদ বিজ্ঞপ্তি।